



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।



ওয়েব সাইট : www.shahzadpurgovtcollege.com
E-mail Address : shahzadpur.govt.college@gmail.com
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৩৩৪৭৮/০২৫৮৮৮৩৩৫৮৩

২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) (পুরাতন) ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের

উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

তারিখ: ১৪/০৩/২০২৩ খ্রি.

কলেজের ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) (পুরাতন) শ্রেণির ১ম বর্ষের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ১ম বর্ষে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে উপবৃত্তির আবেদন আহ্বান করা হয়েছে। উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <http://estipend.pmeat.gov.bd> লিংক-এ প্রবেশ করে অনলাইনে নিবন্ধন করতে হবে এবং তাহা যথাযথভাবে পূরণ করে আগামী ১৫/০৩/২০২৩ হতে ০২/০৪/২০২৩ তারিখের মধ্যে নির্ধারিত সিস্টেম ব্যবহার করে অনলাইনে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদনের হার্ড কপির সাথে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজের প্রধান সহকারীর নিকট জমাদানের জন্য নির্দেশ দেয়া হলো।


উল্লেখ্য যে, অভিভাবকের বার্ষিক আয় ও জমির পরিমাণ সম্পর্কিত প্রত্যয়নে পৌরসভার মেয়র বা কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষর করে জমা দিতে হবে।

যে সকল কাগজপত্র ফরমের সাথে জমা দিতে হবে :

- ১। ০১ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি নির্ধারিত ফরমের সাথে আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং ০২ কপি স্ট্যাম্প সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি জমা দিতে হবে।
- ২। এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্রের ফটোকপি- ০১ টি।
- ৩। এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের- এর রেজিঃ কার্ডের ফটোকপি- ০১ টি।
- ৪। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের (১৭ সংখ্যার) ফটোকপি- ০১ টি।
- ৫। শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড এর ফটোকপি (যদি থাকে)- ০১ টি।
- ৬। অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ০১ টি।
- ৭। আয় সম্পর্কিত প্রত্যয়নপত্র।

আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকার পরবর্তীতে জানানো হবে।

বিহীনঃ <http://estipend.pmeat.gov.bd> লিংক এ প্রবেশ করে বিস্তারিত তথ্য জানা যাবে।


১৪/০৩/২০২৩
অধ্যক্ষ

শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। আহবায়ক, উপবৃত্তি কমিটি।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ।
- ৩। অফিস নথি।